



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩০ জানুয়ারি ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়িতে ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অনি চাকমা আজ বৃহস্পতিবার ৩০ জানুয়ারি ২০২০ এক বিবৃতিতে আলুটিলায় অচই পাড়া নামক স্থানে রাষ্ট্রীয় বিশেষ মহলের মদদপুষ্ট সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফ সদস্য সোনা ধন চাকমা ওরফে অর্জনকে (৫২) গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বর্ণনা দিয়ে বলেন, আজ সকাল সাড়ে ১০টার দিকে সনাতন ধর্মাবলম্বীদের সরস্বতী পূজা অনুষ্ঠানে যাবার সময় অচই পাড়া দোকানের সামনে একটি বিশেষ মহলের লেলিয়ে দেয়া সন্ত্রাসীরা সোনা ধন চাকমাকে গুলি করে হত্যা করে। নিহত সোনা ধন চাকমা ভাইবোন ছড়া ইউনিয়নের ২নং গাছবান এলাকার মৃত ভবেন্দ্র চাকমার ছেলে।

ইউপিডিএফ নেতা অভিযোগ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে জুম্ম জনগণের ন্যায়সঙ্গত আন্দোলন বাধাগ্রস্ত করতে সরকার একটি সন্ত্রাসী গোষ্ঠীকে মদদ দিয়ে পরিকল্পিতভাবে জনগণের প্রতিনিধিত্বকারী দল ইউপিডিএফের নেতা-কর্মীদের হত্যা করছে।

তিনি অবিলম্বে আইন বহির্ভূত হত্যাসহ রাষ্ট্রীয় সন্ত্রাস বন্ধ এবং সোনা ধন চাকমার হত্যাকারীদের গ্রেফতারের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।